



চবি ৫ম সমাবর্তনে পরিবহন ব্যবস্থাপনা বিষয়ক বিশেষ দিকনির্দেশনা (সমাবর্তীদের জন্য)

শহর থেকে চবিতে আসা

১. স্মৃতিময় শাটল ট্রেনের মাধ্যমে চট্টগ্রাম শহর থেকে চবি ক্যাম্পাসে আসার জন্য সমাবর্তীদের বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে।
২. ট্রেনের পাশাপাশি চট্টগ্রাম নিউমার্কেট, বটতলী রেলস্টেশন, ওয়াসা মোড়, ষোলশহর শপিং কমপ্লেক্স, ও পলিটেকনিক মোড় (ফ্লাইওভার থেকে নেমে) থেকে পর্যাপ্ত সংখ্যক বাস (১০০টি) সমাবর্তীদের ক্যাম্পাসে নিয়ে আসার জন্য প্রস্তুত থাকবে। বাসগুলো ক্যাম্পাসের জিরো পয়েন্ট থেকে দক্ষিণ ক্যাম্পাস হয়ে শহীদ মিনারে এসে যাত্রী নামাবে এবং কাটা পাহাড় হয়ে শহরে ফেরত যাবে।
৩. সকাল ৬টা থেকে বাস পূর্ণ হওয়া সাপেক্ষে একের পর এক বাস ছেড়ে আসবে। সর্বশেষ গাড়ি শহর থেকে সকাল ৯টায় ছেড়ে আসবে। সকাল ৯টায় ছেড়ে আসা গাড়িগুলো শহীদ মিনারে যাত্রী নামিয়ে নতুন কলা ভবন, অতীশ দীপঙ্কর হল ও শহীদ ফরহাদ হোসেন হলের রাস্তা ও ফাঁকা জায়গায় পার্কিং করবে।
৪. সমাবর্তীরা আগে আসলে আগে যাবেন ভিত্তিতে ভলান্টিয়ারদের কাছ থেকে রেজিস্ট্রেশনের কপি দেখিয়ে টোকেন সংগ্রহ করে সিরিয়াল মেনে গাড়িতে উঠবেন।
৫. বাসে সংকুলান না হওয়া বা বাস মিস করা সমাবর্তীরা নিজস্ব ব্যবস্থায় শহর থেকে বিশ্ববিদ্যালয়ের ১নং গেইট পর্যন্ত আসবেন। সেখান থেকে শাটল বাস যোগে ক্যাম্পাসে নিয়ে আসা হবে।
৬. বিশ্ববিদ্যালয়ের ১নং ও ২নং সড়ক দিয়ে শুধুমাত্র শৃঙ্খলা কমিটি কর্তৃক নির্ধারিত এবং স্টিকারপ্রাপ্ত যানবাহন প্রবেশ করতে পারবে। অন্য কোনো গাড়ি উক্ত সড়ক দিয়ে প্রবেশের সুযোগ পাবে না।
৭. এমতাবস্থায় একান্ত প্রয়োজন না হলে ব্যক্তিগত গাড়ি ব্যবহার থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।
৮. যদি কোনো কারণে ব্যক্তিগত গাড়ি ব্যবহার একান্ত প্রয়োজন হয়, তবে তা চালকসহ হতে হবে। কারণ, ব্যক্তিগত গাড়িগুলোকে বিশ্ববিদ্যালয়ের ১নং গেটের উত্তর দিকের ওভার ব্রিজের ১০০ ফুট সামনে গিয়ে যাত্রী নামিয়ে অতি দ্রুত হাটহাজারী সার্কেল ও হাটহাজারী কলেজ অতিক্রম করে রাউজান অভিমুখে ৪ লেনের সড়কের দুই পাশে পার্ক করতে হবে। পথে কোথাও থামার সুযোগ থাকবে না।
৯. বিশ্ববিদ্যালয় ১নং সড়কের মুখ থেকে ক্যাম্পাসে প্রবেশের জন্য নিয়মিত শাটল বাসের (২০টি বাস) ব্যবস্থা থাকবে। মিনিবাসগুলো ক্যাম্পাসের জিরো পয়েন্ট থেকে দক্ষিণ ক্যাম্পাস হয়ে শহীদ মিনারে এসে যাত্রী নামাবে এবং কাটা পাহাড় হয়ে আবার ১ নং সড়কের মুখে ফেরত যাবে। এভাবে চক্রাকারে চলতে থাকবে সকাল ৬:০০ থেকে দুপুর ১২টা পর্যন্ত। দুপুর ১২টার পরে শাটল বাসগুলো জীববিজ্ঞান অনুষদের দক্ষিণ পাশের রাস্তা ও ফাঁকা জায়গায় পার্কিং করবে।

১০. ক্যাম্পাসের অভ্যন্তরে ৪ টি শাটল বাস জীববিজ্ঞান অনুষদ-মেরিন সাইন্স-শহীদ মিনার-নিরাপত্তা মোড়-জীববিজ্ঞান অনুষদ রুটে চক্রাকারে চলাচল করবে। ক্যাম্পাস শাটল বাস সকাল ৯:০০-১২:০০ টা, বিকাল ৪:৩০-১০:০০ টা পর্যন্ত চলবে।
১১. সমাবর্তীগণ নিজেদের উদ্যোগে দলবদ্ধভাবে বাসে করে সমাবর্তনের দিন চ.বি.-তে আসতে চাইলে ১২ মে, ২০২৫ তারিখের পূর্বে প্রক্টর অফিস থেকে অনুমতির নিয়ে বিশেষ সিটকার সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, উক্ত বাসগুলো দক্ষিণ ক্যাম্পাস হয়ে শহীদ মিনারে সমাবর্তীদের নামিয়ে কাটা পাহাড় হয়ে বিশ্ববিদ্যালয়ের ১নং গেইট অতিক্রম করে হাটহাজারী সার্কেল ও হাটহাজারী কলেজ পার হয়ে রাউজান অভিমুখে ৪ লেনের সড়কের দুই পাশে পার্ক করতে হবে। পথে কোথাও থামার সুযোগ থাকবে না।
১২. বিশ্ববিদ্যালয়ের বাইরে ব্যবস্থাকৃত গাড়ি পার্কিংয়ের জন্য নির্ধারিত জায়গাগুলো: ফতেপুর স্কুল মাঠ, পার্বতী স্কুল মাঠ, হাটহাজারী কলেজ মাঠ ও হাটহাজারী কলেজ অতিক্রম করে রাউজান অভিমুখে ৪ লেনের সড়কের দুই পাশ।

চবি থেকে শহরে ফেরা

১৩. সমাবর্তন শেষে বিশ্ববিদ্যালয় শহীদ মিনার থেকে ১ নং রোডের মুখে যাওয়ার জন্য শাটল মিনিবাসের ব্যবস্থা থাকবে। যা বিকেল ৪:৩০টা থেকে রাত ১০:০০টা পর্যন্ত চলবে।
১৪. ট্রেনের পাশাপাশি বাস চ.বি. শহীদ মিনার থেকে অক্সিজেন-২নং গেইট হয়ে পলিটেকনিক মোড়, শপিং কমপ্লেক্স, চট্টগ্রাম ওয়াসা মোড়, বটতলী রেলস্টেশন ও নিউমার্কেট পর্যন্ত সমাবর্তীদের নিয়ে ফেরত যাবে। বাসগুলো বিকেল ৪:৩০টা থেকে রাত ১০:০০টা পর্যন্ত চলবে।
১৫. সমাবর্তীদের পিকআপ পয়েন্টসহ গুরুত্বপূর্ণ স্থানে (অক্সিজেন মোড়, বড়দিঘীর পাড়, চৌধুরীহাট, ফতেয়াবাদ স্কুল, ফতেপুর স্কুল, ১নং গেট, ২নং গেট, চবি জিরো পয়েন্ট, হাটহাজারী গোলচত্বর, পার্বতী স্কুল, হাটহাজারী কলেজ মাঠ ও অন্যান্য স্থানে) তত্ত্বাবধানের জন্য ২-৫ জন করে ভলান্টিয়ার নিয়োজিত থাকবে। সমাবর্তীদের ক্যাম্পাসে আসা ও ক্যাম্পাস ত্যাগ করার ক্ষেত্রে ভলান্টিয়াররা সক্রিয় ভূমিকা পালন করবে।

বিশেষ দৃষ্টব্য:

- ১ নং গেইটে শাটল বাস (মাঝারি) দ্রুত ঘোরানোর জন্য পর্যাপ্ত জায়গা ক্লিয়ার রাখা হবে।
- বিশ্ববিদ্যালয়ের ১নং সড়কে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত পরিবহন ব্যাতিত অন্যান্য সকল যানবাহন (মটরসাইকেল, রিক্সা, সিএনজি, কার, মাইক্রো, পিক-আপ, ট্রাক-মিনিট্রাক বা অন্য যেকোনো গাড়ী) চলাচল সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।
- সমাবর্তনের দিন দক্ষিণ ক্যাম্পাসবাসীদের ১নং সড়ক এড়িয়ে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।